

১০২-৭...
১০২-৭...
১০২-৭...

মনসিংহ শিক্ষা বোর্ড

ময়মনসিংহ শিক্ষা বোর্ড চালু হচ্ছে

■ সাবিত্রি নেওয়াজ
দেশের ১১তম শিক্ষা বোর্ড হিসেবে শিগগিরই যাত্রা
শুরু করতে যাচ্ছে ময়মনসিংহ শিক্ষা বোর্ড। এ
জন্য প্রণয়ন করা হয়েছে 'ময়মনসিংহ শিক্ষা বোর্ড'
আইন-২০১৬'-এর খসড়া। অনুমোদনের জন্য
চলতি মাসে মন্ত্রিসভায় পাঠানো হবে এ খসড়া।
মন্ত্রিসভার অনুমোদন পেলে প্রত্যাবিত আইনটি
পাসের জন্য সংসদে পাঠানো হবে। শিক্ষা
মন্ত্রণালয় সূত্রে এসব তথ্য জন্ম গেছে।

মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিব
সমকালকে বলেন, আইনটি পাস হলে যতক্ষণ
নিজস্ব ভবন না হচ্ছে, তার আগে ময়মনসিংহ
শহরে ভাড়া করা ভবনে বোর্ডের কার্যক্রম শুরু করা
হবে। তিনি আরও জানান, আগস্ট এপ্রিল মাসে
অনুষ্ঠিয়ে ২০১৭ সালের এইচএসসি, পরীক্ষা এ
বোর্ডের অধীনে থাকছে ময়মনসিংহ, টাঙাইল,
নেতৃত্বকানা, শেরপুর ও জামালপুর জেলা।

গৃত বছরের ১৪ সেপ্টেম্বর ময়মনসিংহকে
বিভাগ করার পর দাবি ওঠে শিক্ষা বোর্ড স্থাপনের।
দাবির মুখ্য ময়মনসিংহে একটি নতুন শিক্ষা বোর্ড
স্থাপনের সরকারি সিদ্ধান্ত হয়। এর জন্য শিক্ষা
মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (মাধ্যমিক) চৌধুরী
মুফাদ আহমেদকে আহ্বায়িক করে ৭ সদস্যের
একটি কমিটি গঠন করা হয়। এ কমিটির অন্য
সদস্যরা হচ্ছেন— শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত
সচিব রঞ্জি রহমান, ঢাকা বোর্ডের চেয়ারম্যান
অধ্যাপক মাহবুবুর রহমান, মাধ্যমিক ও উচ্চশিক্ষা
অধিদপ্তরের (মাউশি) পরিচালক (মাধ্যমিক)
অধ্যাপক এলিয়াস হোসেন, বিভাগীয় কমিশনার ও
মাউশির ময়মনসিংহের আঞ্চলিক কর্মকর্তা।

কমিটির সদস্য ঢাকা শিক্ষা বোর্ডের
চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান সমকালকে
বলেন, ঢাকা বোর্ডের সীমানা বৃহত্তর হওয়ায়
অনেককে দুর্ব্বলতা থেকে আসতে হচ্ছে।
ময়মনসিংহে শিক্ষা বোর্ড হলে সে অঙ্গের
শিক্ষার্থীদের ভোগান্তি কমে যাবে। সহজেই তারা
বোর্ড সুবিধা পাবে।

ময়মনসিংহের বিভাগীয় কমিশনার জিএম
সালেহ উদ্দিন বলেন, বিভাগীয় সদর দপ্তরের জন্য
প্রায় সাড়ে ৪ হাজার একর জমি অধিগ্রহণ করবে
সরকার। এই প্রক্রিয়ায় ২০১৭ সালের মধ্যে
মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহের কার্যক্রম শুরু হবে।